

# গুচ্ছের আবেদন ফি ৫০০ টাকা করার দাবি

জবি প্রতিনিধি

১৯ এপ্রিল ২০২৩ ০৯:৫১ পিএম | আপডেট: ১৯ এপ্রিল

২০২৩ ০৯:৫৫ পিএম

54

Shares



জগন্নাথ বিশ্ববিদ্যালয়। ফাইল ছবি

advertisement

গুচ্ছে ভর্তির আবেদন ফি সর্বোচ্চ ৫০০ টাকা নির্ধারণ ও ভর্তির সকল প্রক্রিয়া শেষ করে ১ জুলাই থেকে ক্লাশ শুরু করার দাবি জানিয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।

গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল পরবর্তী ভার্চুয়ালি এক জরুরি সভা শেষে গুচ্ছ ভর্তি পরীক্ষায় শিক্ষার্থী এবং অভিভাবকদের ভোগান্তি কমাতে সুনির্দিষ্ট ৯টি লিখিত দাবি জানান শিক্ষকরা।

advertisement

দাবিতে শিক্ষকরা বলেন, পরীক্ষায় অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীর প্রাপ্ত স্কোর ও মেধাক্রম প্রকাশ করতে হবে। গত দুটি গুচ্ছ ভর্তি পরীক্ষার আয়-ব্যয়ের হিসাব দ্রুত প্রকাশ করা। আবেদন ফি বাদে শিক্ষার্থীরা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আবেদন, মাইগ্রেশান, ভর্তি বাতিল বা অন্য কোনো কারণে যেন বাড়তি টাকা না দিতে হয়ে তারও দাবি জানানো হয়।

শিক্ষকদের অন্যান্য দাবিগুলো হলো, পরীক্ষা পরিচালনা, পরীক্ষা সংশ্লিষ্ট অন্যান্য কর্মকাণ্ড এবং সুস্পষ্ট আর্থিক নীতিমালা অন্তিবিলম্বে প্রণয়ন করে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সকলকে জানানো। আসন সংখ্যার ভিত্তিতে না হয়ে গুচ্ছভুক্ত প্রতিটি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় আবেদন করা শিক্ষার্থীদের সংখ্যা অনুযায়ী কেন্দ্র ও অন্যান্য ফি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়কে প্রদান করা। ২০২০-২১ এবং ২০২১-২২ শিক্ষাবর্ষের আয়-ব্যয়ের হিসাব দ্রুত প্রকাশ। ভর্তি পরীক্ষার সম্মানী বাবদ উপাচার্য, উপ-উপাচার্য, ট্রেজারার, রেজিস্টার, কর্মকর্তা ও শিক্ষকদের কী পরিমাণ সম্মানী পাবেন তার পূর্ণাঙ্গ বিবরণ প্রকাশ।

advertisement

সর্বশেষ দাবিতে শিক্ষকরা উল্লেখ করেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উন্নয়নকল্পে এবং উপাচার্যের কাজের সুবিধার্থে আগামী ৬ মাস উপাচার্যের কক্ষে কোনো শিক্ষক যেন অপ্রয়োজনে আনাগোনা করেন এবং সাক্ষাতের জন্য অনুমতি নিয়ে প্রবেশ করা ও কাজ শেষে অকারণে বসে না থেকে বের হয়ে যাওয়ার নির্দেশনা জারি করতে হবে।